# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.১৪ বিতরের সালাত - ৫১. বিতরের সালাত কিভাবে আদায় করতে হয়?

বিতরের সালাত আদায়ের কয়েকটি পদ্ধতি রয়েছে। তন্মধ্যে তিন রাকআত বিতর তিনভাবে পড়ার প্রচলন রয়েছে।

প্রথম পদ্ধতি: অন্যান্য সালাতের মতো প্রথমে দুই রাকআত পড়ে সালাম ফিরিয়ে নেবেন। অতঃপর পৃথকভাবে আরেক রাকআত পড়ে রুকুর আগে বা পরে দুআ কুনুত পড়ে সিজদা শেষে আবার বসে সালাম ফিরাবেন। (মুসলিম: ১২৫২) তবে দু'আ কুনুত পড়ার আগে ‘আল্লাহু আকবার' বলা ও তাকবীরে তাহরীমার মতো দু হাত ওঠানোর কোন বিধান নেই।

দ্বিতীয় পদ্ধতি: অন্যান্য নামাযের মতোই প্রথম ও দ্বিতীয় রাকআত পড়বেন। তবে দ্বিতীয় রাকাআতের পর তাশাহহুদের জন্য না বসে সরাসরি দাঁড়িয়ে যাবেন। তৃতীয় রাকআতে কিরাআত পাঠ শেষে দু'আ কুনূত পড়ে রুকুতে চলে যাবেন অথবা কিরাআত পাঠের পর রুকু দিয়ে আবার উঠে সোজা হয়ে দাঁড়িয়ে দুআ কুনুত পড়ে একেবারে সিজদায় চলে যাবেন। শুধুমাত্র তৃতীয় রাকআতের পর বসবেন এবং আত্তাহিয়্যাতু, দরূদ ও দুআ মাছুরা পড়ে সালাম ফিরিয়ে নেবেন। এখানেও দু'আ কুনুতের শুরুতে ‘আল্লাহু আকবার' বলে দু হাত ওঠানোর কোন নিয়ম নেই।
আয়েশা সিদ্দিকা (রা.) বলেছেন, রাসূলুল্লাহ (স.) তিন রাকাআত বিতরের সালাত আদায় করতেন। এর মাঝে তাশাহহুদের জন্য বসতেন না। একাধারে তিন রাকআত পড়ে শেষ রাকআতে বসতেন ও তাশাহহুদ পড়তেন। এভাবে উমর (রা)-ও বিতর পড়তেন। (হাকেম: ১১৪০)

তৃতীয় পদ্ধতি: এ পদ্ধতিটি আমাদের দেশে প্রচলিত। এ পদ্ধতিতে ২য় রাকআত শেষে বসে তাশাহহুদ পড়া হয়।
(১) বিশ্বের খ্যাতনামা আলেম ভারতের আল্লামা ছফীউর রহমান মুবারকপুরী বলেছেন, রাসূলুল্লাহ (স.) এ নিয়মে বিতর পড়েছেন মর্মে কোন সহীহ হাদীস পাওয়া যায় না।
(২) মদীনা ইসলামী বিশ্ববিদ্যালয়ে পি.এইচ.ডি. গবেষকদের উস্তায ড. ফাইহান শালী আল মুতাইরী বলেছেন, নবী (স.) বা তাঁর সাহাবাদের কেউ-ই এ পদ্ধতিতে বিতর পড়েছেন এ মর্মে কোন বিশুদ্ধ প্রমাণ নাই।
(৩) ‘যাদুল মাআদ কিতাবে ইবনুল কায়্যিম (র.) রাসূলুল্লাহ (স.)-এর বিতর পড়ার ৫টি পদ্ধতি বর্ণনা করেছেন। তন্মধ্যে আমাদের মাঝে প্রচলিত পদ্ধতিটি আলোচনায়ই আনেননি। কেননা, এটা সহীহ হাদীসের পরিপন্থী। বরং রাসূলুল্লাহ (স.) এ পদ্ধতিতে বিতর পড়তে নিষেধ করেছেন। তিনি বলেন,

“তোমরা মাগরিবের নামাযের মতো করে তিন রাকআত বিতরের নামায পড়ো না।” (দারে কুতনী: ১৬৫০, পৃষ্ঠা ২/৩৪৪, সহীহ ইবনু হিব্বান: ২৪২৯)। তাছাড়া আমি নিজেও এ পর্যন্ত কোন সহীহ হাদীস খুঁজে পাইনি। আর মক্কা ও মদীনার মসজিদগুলোতে ১ম ও ২য় পদ্ধতিতে বিতর পড়ে থাকে, কিন্তু ৩য় পদ্ধতিতে বিতর পড়তে কখনো

দেখিনি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12936

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন